In a significant contribution to the healthcare sector, Union Bank of India Social Foundation, has donated two special medical vehicles to the Institute of Kidney Diseases and Research Centre (IKDRC) at Civil Hospital, Ahmedabad. The vehicles will facilitate the transportation of human organs, thereby supporting the institute's lifesaving work in organ transplantation.Special medical vehicles donation ceremony was graced by Shri Nitesh Ranjan, Executive Director, Union Bank of India Shri Akhilesh Kumar, Zonal Head, Gandhinagar; Shri Divyesh Kalra, Regional Head, Ahmedabad; Dr Manisha Modi, Dean, IKDRC; and Dr Viren Trivedi, OSD Director, IKDRC ; along with other esteemed dignitaries from Union Bank of India and IKDRC.

চাঁচলের পরিযায়ী শ্রমিকের পরিবারের ওপর চড়াও দিল্লি পুলিশ, সরব মমতা





নিজস্ব প্রতিবেদন, মালদা: দিল্লিতে মালদা চাঁচলের পরিযায়ী শ্রমিকের পরিবারের ওপর অত্যাচার পুলিশের। এমনকি কোলের শিশুকেও আক্রান্ত হতে হয়েছে বিজেপিশাসিত রাজ্যের পুলিশের হাতে বলে অভিযোগ। রবিবারের এই ঘটনার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এক্স হেন্ডেলে বার্তা প্রকাশ্যে আসতেই রীতিমতো হৈচৈ পড়ে গিয়েছে। সোমবার সকাল থেকেই চাঁচল থানার ফিরোজাবাদ এলাকার ওই পরিযায়ী শ্রমিকের পরিবারের সঙ্গে দেখা করলেন স্থানীয় তৃণমুল নেতৃত্ব এবং সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তারা। দিল্লি পুলিশের এই নির্যাতনের বিরুদ্ধে ইতিমধ্যে চাঁচল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন নির্যাতিত ওই পরিযায়ী শ্রমিকের পরিবার।

এদিন আক্রান্ত পরিযায়ী শ্রমিক মুক্তার খানের এক বোন মুক্তারি খাতুন জানিয়েছেন, 'দীর্ঘদিন ধরেই তাঁর দাদা, বৌদি সাজেনুর পারভিন, পাঁচ বছরের ভাইপো এবং বৃদ্ধ বাবা-মা, দিল্লির গীতা কলোনিতে রয়েছেন। সেখানে একটি ঘর ভাড়া নিয়ে থাকেন তাঁরা। দাদা মুক্তার নির্মাণ শ্রমিক হিসেবে কর্মরত। গত শনিবার বাংলাদেশি অভিযোগে দাদা বৌদিকে তুলে নিয়ে যায় দিল্লি পুলিশ। সেই সময় বৌদির কোলে ছোট ভাইপো ছিল। ওদেরকে মারধর করা হয়েছে। তারপর থেকে আতঙ্কিত হয়ে রয়েছি আমরা। এখনও পর্যন্ত বৌদিকে ছাড়লেও দাদাকে আটকে রেখেছে দিল্লি পুলিশ। আমরা চাইছি দ্রুত যাতে পরিবারের সকলেই ফিরে আসে।'

এদিকে এই ঘটনায় নিন্দা প্রকাশ করে মুখ্যমন্ত্রী এক্স হেন্ডেলে বার্তার পর চাঁচলে তৃণমূল বিধায়ক নীহাররঞ্জন ঘোষ বলেন, 'বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলার পরিযায়ী শ্রমিকদের ওপর যেভাবে অত্যাচার চলছে, তা কোনওভাবে বরদাস্ত করা যায় না। দলনেত্রী ইতিমধ্যে একুশের সভা মঞ্চ থেকে এব্যাপারে প্রতিবাদ ও আন্দোলন গড়ে তোলার ডাক দিয়েছেন। সেই মতো আমরা কর্মসূচি শুরু করেছি।' অন্যদিকে প্রায় আট দিন পর হরিয়ানার গুরুগাঁওয়ে পুলিশের হাত থেকে থেকে ছাড়া পেলেন চাঁচল মহকুমার হরিশ্চন্দ্রপুর এলাকার সাতজন পরিযায়ী শ্রমিক। আর এই খবর সোমবার সকালে হরিশ্চন্দ্রপুর থানার রাঙ্গাইপুর ও ঠাকুরটোলা গ্রামে ছড়িয়ে পড়তেই স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন পরিবারের লোকেরা। এদিন সকালেই হরিশ্চন্দ্রপুরের বিধায়ক তথা রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তাজমুল হোসেন নিজে গিয়েই হরিয়ানায় পুলিশের হাতে আটক পরিযায়ী শ্রমিকদের ছাড়া পাওয়ার বিষয়টি জানিয়েছেন। উল্লেখ্য, গত সপ্তাহের সোমবার হরিশ্চন্দ্রপুর থানার রাঙ্গাইপুর ও ঠাকুরটোলা এলাকার সাতজন পরিযায়ী শ্রমিককে বিজেপি শাসিত হরিয়ানার গুরুগাঁওয়ে বাংলাদেশি সন্দেহে সেখানকার স্থানীয় পুলিশ আটক করে। সেই খবর পেতেই কান্নায় দুশ্চিন্তায় ভেঙে পড়েন পরিবারের লোকেরা। পরিবারের তরফে অভিযোগ ওঠে, ডিটেনশন ক্যাম্পে তঁদের আটকে রেখে অত্যাচার করা হচ্ছে। হরিয়ানার পুলিশ কমিশনারকে ফোন করেন হরিশ্চন্দ্রপুরের বিধায়ক তাজমুল হোসেন। শ্রমিকদের মুক্তির জন্য পদক্ষেপ নেয় জেলা প্রশাসন। তারপরেই রবিবার তাঁরা মুক্তি পান। ওই সব পরিযায়ী শ্রমিকদের পরিবারের বক্তব্য, যেভাবে বাংলাভাষীদের ওপর অত্যাচার চালানো হচ্ছে ভিন রাজ্যে, তাতে আর বাড়ির ছেলেদের কোনও মতেই বাইরে যেতে দেওয়া যাবে না। কিন্তু এলাকায় থেকে যাতে শ্রমিকেরা কাজ পান, সেই ব্যবস্থা করারও দাবি জানিয়েছেন ওইসব পরিবারের লোকেরা। রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তাজমুল হোসেন বলেন, 'এই রাজ্যেই কাজ রয়েছে। রাজ্য সরকার ক্ষুদ্র ব্যবসার জন্য পাঁচ লক্ষ টাকা লোন দিচ্ছে। এই শ্রমিকরা চাইলে এখানেই থাকতে পারবে। প্রয়োজনে ব্যবস্থা করে দেওয়া হবে।'

রেলের জায়গায় নিকাশির উদ্যোগে বিপত্তি, বৃষ্টির জলে ভাসছে সাহাপুর গ্রামের একাংশ

নিজস্ব প্রতিবেদন, মালদা: রেলের জায়গায় নিকাশি ব্যবস্থা তৈরি করতে গিয়েই ঘটেছে বিপত্তি। মাঝপথেই নিকাশির জায়গা বন্ধ হয়ে যাওয়াতে সামান্য বৃষ্টিতে ভাসছে পুরাতন মালদা ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের রশিলাদহ বাগানপাড়া এলাকা। রবিবার রাতের প্রায় দুই ঘণ্টার বৃষ্টির জেরে সোমবার সকাল থেকে রীতিমতো জলমগ্ন হয়ে পড়েছে গোটা এলাকা। জলবন্দী হয়ে পড়েছেন প্রায় ৫০টি পরিবার বলে অভিযোগ। এই ঘটনায় উত্তর মালদার বিজেপি সাংসদের রেলের জায়গায় নিকাশি ব্যবস্থার তৈরির উদ্যোগকেই দায়ী করেছেন সংশ্লিষ্ট এলাকার বাসিন্দারা। তাঁদের অভিযোগ, গত বছর এই এলাকার রেলের জায়গাতেই জল নিকাশির জন্য মাটি কেটে হাইড্রেন তৈরির পরিকল্পনা নিয়েছিলেন বিজেপি সাংসদ খগেন মুর্মু। কিন্তু পরবর্তীতে আশপাশের গ্রামের বাসিন্দারা তাঁদের গ্রামের জল জমবে বলে সেই কাজ করতে বাঁধা দেন। এরপর থেকেই গর্ত খোড়া অবস্থায় পড়ে রয়েছে রেলের ওই নিকাশি তৈরির জায়গা। আর তারপর থেকেই বৃষ্টি হলে এভাবেই জল জমে থাকছে। বাগানপাড়া এলাকার বাসিন্দা নরেন মণ্ডল, দিলীপ মণ্ডলদের বক্তব্য, 'রবিবার রাতে একটানা কয়েক ঘণ্টা বৃষ্টি হয়েছে। তারপর সোমবার সকাল থেকে বাড়ির বাইরে বের হওয়া যাচ্ছে না। চতুর্দিকে জল। গোটা পাড়া বৃষ্টির জমা জলে ভাসছে। আগে এরকম পরিস্থিতি ছিল না। জল নিকাশির যে ব্যবস্থা আগে ছিল। সেখানে নতুন করে হাই ড্রেন হবে বলে রেলের জায়গার রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। আর তাতেই বিপত্তি।' দ্রুত এব্যাপারে সমাধানের দাবিও জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। সাহাপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমুলের সদস্য গণেশ সিং বলেন, 'রাসিলাদহ ও বাগানপাড়া এলাকার বৃষ্টির হলেই জল জমে হাবুডুবু খাচ্ছেন স্থানীয় বাসিন্দারা। এদিন সকাল থেকে প্রায় ৫০টি পরিবার জলবন্দী হয়ে পড়েছেন। বিষয়টি নিয়ে প্রধান থেকে প্রশাসন সকলকে জানিয়েছি। শুধুমাত্র বিজেপি সাংসদের কারণে এমন ঘটনা ঘটেছে।' এদিকে সোমবার দিল্লিতে থাকাকালীন যোগাযোগ করা যায়নি উত্তর মালদা সাংসদ খগেন মুর্মুর সঙ্গে। কিন্তু পুরাতন মালদার বিজেপি বিধায়ক গোপাল সাহা জানিয়েছেন, 'রেলের জায়গা দিয়েই নিকাশি তৈরির ব্যবস্থা করার কথা বলেছিলেন সাংসদ। কিন্তু এই এলাকাটিতে তো পুরসভার জল এসে জমছে। এক্ষেত্রে পুরসভাকে নিকাশি ব্যবস্থার দিক দিয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া উচিত।

জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN : L27102WB1999PLC089755
রেজিস্টার্ড অফিস: ৫, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১
ফোন: +৯১ ৩৩ ২২৪৮ ৯৮০৮/২২৪৮ ৮১৭৩, ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৪৩ ০০২১/২২১০ ৭৮৯৩
ইমেইল: jaibalaji@jaibalajigroup.com
ওয়েবসাইট: www.jaibalajigroup.com

ভৌত আকারে শেয়ারসমূহ এর স্থানান্তর অনুরোধের পুনর্নথিভুক্তকরণ এর জন্য বিশেষ ব্যবস্থার বিজ্ঞপ্তি

সেবি সার্কুলার নং সেবি/এইচও/এমআইআরএসডি-পিওডি/পি/সিআইআর/২০২৫/৯৭ তারিখ ২ জুলাই ২০২৫ অনুযায়ী কোম্পানির শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হচ্ছে যে,০১ এপ্রিল ২০১৯ তারিখের পূর্বে যে সকল ভৌত আকারে শেয়ার দাখিল পুনর্নথিভুক্তকরণের জন্য দাখিল করা হয়েছিল এবং অপ্রতুল নথি/প্রক্রিয়া/বা অন্য কারণে বাতিল/ফেরত/ব্যবস্থিত হয়নি সেগুলি পুনর্নথিভুক্ত করণের জন্য ০৭ জুলাই ২০২৫ থেকে ০৬ জানুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত ছয় মাসের মেয়াদে এক বিশেষ ব্যবস্থা করা হয়েছে।

উপযুক্ত শেয়ারহোল্ডারগণ কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার হস্তান্তর প্রতিনিধি (আরটিএ), মেসার্স মাহেশ্বরী ডেটামেটিকস প্রাইভেট লিমিটেড, ইউনিট : জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ২৩ আর এন মুখার্জি রোড, কলকাতা : পশ্চিমবঙ্গ, ৭০০০০১, **mdpldc@yahoo.com** যোগাযোগ নং ০৩৩-২২৪৮২২৪৮/২২৪৩৫০২৯ বা কোম্পানির নিকট -৫, বেন্টিং স্ট্রিট, কলকাতা ৭০০০০১, যোগাযোগ -০৩৩-২২৪৮৯৮০৮/২২৪৮৮১৭৩, ই-মেল : **jaibalaji@jaibalajigroup.com** নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিগুলি সহ পুনর্নথিভুক্তর জন্য অনুরোধ পাঠাতে পারেন।

শেয়ারহোল্ডারদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, শেয়ারসমূহ যা স্থানান্তরের জন্য পুনর্নথিভুক্ত করা হবে (সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত কোম্পানি/আরটিএ এর নিকট অব্যবস্থিত রয়েছে) সেগুলি কেবলমাত্র ডিমাট আকারেই ইস্যু করা হবে।

জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বা/-
অজয় কুমার তাঁতিয়া
কোম্পানি সেক্রেটারি
মেম নং : এফ৬২৮৫

তারিখ : ২৮ জুলাই ২০২৫
স্থান : কলকাতা

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল
৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/ ৯৮৭৪০ ৯২২২০

SOMA TEXTILES & INDUSTRIES LIMITED
Regd. Office: 2, Red Cross Place, Kolkata-700 001 , Tel.: 033-22487406
Website: www.somatextiles.com; E-mail ID: investors@somatextiles.com
CIN:L51909WB1940PLC010070

EXTRACTS OF THE UNAUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2025

(Rs. In Lakhs)

Particulars	Quarter Ended			Year Ended
	30.06.2025	31.03.2025	30.06.2024	31.03.2025
	Unaudited	Audited	Unaudited	Audited
Total income	695	426	324	1454
Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional Items) ^	236	(134)	57	(132)
Net Profit / (Loss) for the period before tax (after exceptional items) ^	363	(75)	120	6828
Net Profit / (Loss) for the period after tax (after exceptional items)	363	24	120	6927
Total comprehensive Income for the period [(Comprising Profit/ (Loss) for the period (after tax) and other comprehensive income (after tax)]	363	28	120	6931
Paid up Equity Share Capital	3303	3303	3303	3303
Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)				
Basic:	1.10	0.08	0.36	20.98
Diluted:	1.10	0.08	0.36	20.98

^ Includes share in profit of associate.

Extract from the Standalone financial results:

(Rs. In Lakhs)

Particulars	Quarter Ended			Year Ended
	30.06.2025	31.03.2025	30.06.2024	31.03.2025
	Unaudited	Audited	Unaudited	Audited
Income from operations (Turnover)	205	387	139	949
Profit before tax	363	(75)	120	6826
Profit after tax	363	24	120	6927

Note:
1) The above results for the quarter ended June 30, 2025 have been reviewed and recommended by the Audit Committee and subsequently approved by the Board of Directors at its meeting held on July 28, 2025 and the Statutory Auditors of the Company have carried out "Limited Review" of the same.
2) The above is an extract of the detailed format of year ended Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 and SEBI Circular CIR/CFD/FAC/62/2016 dated July 05, 2016. The full format of the same are available on Stock Exchanges Website i.e. NSE (www.nseindia.com) and BSE (www.bseindia.com) and on Company's website www.somatextiles.com.

For Soma Textiles & Industries Ltd.
A. K. Somany
Managing Director
DIN: 00024903

Place: Ahmedabad
Date: 28th July, 2025

ঘাটালে সেতু ভেঙে বিচ্ছিন্ন একাধিক গ্রাম

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: টানা বৃষ্টিতে ঘাটালের একাধিক অঞ্চল এখনও প্লাবিত। তারই মধ্যে দেখা দিয়েছে পানীয় জলের হাহাকার। দীর্ঘমেয়াদি সমাধানে এলাকার বাসিন্দারা চাইছেন স্থায়ী সেতু। বিশেষ করে পান্না, ভাঙ্গা-সহ বেশ কয়েকটি গ্রাম এখনও কার্যত বিচ্ছিন্ন হয়ে রয়েছে। দুর্ভোগে দিন কাটাচ্ছেন ওইসব এলাকার বাসিন্দারা। সেখানে পানীয় জলেরও তীব্র সংকট দেখা দিয়েছে। এলাকাবাসীর অভিযোগ, বারবার প্রশাসনের দপ্তরে জানিয়েও পানীয় জলের কোনও ব্যবস্থা করা হয়নি। বন্যা পরিস্থিতির জেরে বন্ধ হয়ে গিয়েছে একাধিক স্কুল ও আইসিডিএস কেন্দ্র। ভাঙাদা থেকে ঘাটাল পর্যন্ত প্রধান সড়কটি বন্যায় সম্পূর্ণরূপে ভেঙে গিয়েছে। যদিও ওই রাস্তায় একাধিকবার সংস্কার কাজ হয়েছে, তবে কাজ সম্পূর্ণ করা হয়নি বলে এলাকাবাসীর অভিযোগ। দীর্ঘদিন ধরে তাঁদের এই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাই তাঁরা ঘাটাল যাওয়ার প্রধান সড়কে একটি স্থায়ী সেতু নির্মাণের দাবিও তুলেছেন। এ বিষয়ে ঘাটালের বিধায়ক শীতল কপাট জানান, 'এই সমস্যার কথা একাধিকবার সংশ্লিষ্ট মহলে জানানো হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কোনও কার্যকরি পদক্ষেপ নেওয়া হয়নি।' স্থানীয় বাসিন্দারা আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। প্রশাসনের তরফে দ্রুত হস্তক্ষেপ করা না হলে পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে।

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড
CIN : L92419WB1989PLC046487
রেজি. অফিস: "জিল মিল", সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ফোন: (০৩৩) ৬৬২১ ৫৫১৮/০৪
ই-মেল: niccopark@niccoparks.com ওয়েবসাইট: www.niccoparks.com

ফিজিকাল শেয়ারের স্থানান্তর অনুরোধ পুনরায় তালিকাভুক্ত করার জন্য বিশেষ ব্যবস্থা

সকল শেয়ারহোল্ডারদের অবগত করা হচ্ছে যে, ২ জুলাই, ২০২৫ তারিখের সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD-POD/P/CIR/2025/97 অনুসারে, কোম্পানি ১ এপ্রিল, ২০১৯ এর আগে জমা দেওয়া কিন্তু ডকুমেন্টেশন, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত বা ফেরত দেওয়া ভৌত শেয়ারের ট্রান্সফার ডিড পুনরায় নথিভুক্তির জন্য এককালীন বিশেষ ব্যবস্থা করা হয়েছে।

এই বিশেষ ব্যবস্থা ৭ জুলাই, ২০২৫ থেকে ৬ জানুয়ারী, ২০২৬ পর্যন্ত ছয় মাসের জন্য খোলা থাকবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে এই ব্যবস্থা চলাকালীন, সমস্ত পুনঃ নথিভুক্ত শেয়ারসমূহ শুধুমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) আকারে ইস্যু করা হবে।

যোগ্য শেয়ারহোল্ডারেরা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ তাদের স্থানান্তরের অনুরোধ কোম্পানি বা এর রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) এর কাছে জমা দিতে পারেন।

পুনরায় তালিকাভুক্ত করার জন্য প্রক্রিয়া সম্পর্কিত যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন :

শ্রী রাহুল মিত্র নোডাল অফিসার কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লি. 'জিল মিল', সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা - ৭০০১০৬ ফোন : ০৩৩ ৬৬২১ ৫৫১৮/৫৫০৪ ইমেল : rahul@niccoparks.com	আর অ্যান্ড ডি ইনফোটেক প্রা. লি. রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) ১৫/সি, নরেশ মিত্র সরণি (পূর্বতন বেলতলা রোড) কলকাতা - ৭০০০২৬ ফোন : ০৩৩ ২৪১৯ ২৬৪১/২৬৪২ ইমেল : info@rdinfotech.net

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড -এর পক্ষে
স্বা/-
রাহুল মিত্র
এগজিকিউটিভ প্রেসিডেন্ট
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ২৮.০৭.২০২৫

মেয়ের জন্মদিনের দিনেই মৃত্যু বাবার



নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: সোমবার ছিল মেয়ের জন্মদিন, দুই মেয়ে আর স্ত্রীকে নিয়ে পানাগড় বাজারের গুরুদুয়ারা এলাকায় তাঁর ছোট সংসার। কাঁকসার রাজবাঁধের একটি হোটেলের বাইরে গার্ডের কাজ করতেন বছর ৫০ এর দীনেশ দুবে। তাঁর কাজ ছিল হোটেলের বাইরে ১৯ নম্বর জাতীয় সড়ক ধরে যে সমস্ত গাড়ি ও লরি যাতায়াত করে তাঁদের ইশারা করে বোঝানো যে, পিছনে হোটেল রয়েছে সেখানে খাওয়ার পাওয়া যায়। তাঁর ইশারাতে অনেক লরি বা ছোট গাড়ি দাঁড়াতো হোটেলের সামনে। গাড়ির আরোহীরা হোটেলে খাওয়ার খেতে ঢুকলে তাঁদের গাড়ি পাহারা দেওয়ার কাজও ছিল তাঁর। তাঁর বদলে গাড়ির মালিকরা কিছু অর্থ তাঁকে বোক্সিস হিসেবে দিতেন। সেটাই ছিল তাঁর হোটেলের মাইনের পর বাড়তি রোজগার। এদিন মেয়ের আবদারে তাঁকে জন্মদিনে মোবাইল কিনে দেবেন বলেছিলেন। কিন্তু একটা মোবাইল কিনতে প্রায় ১৫ হাজার টাকার খরচ। তাই হোটেল মালিককে জানালে মালিক তাঁর হাতে ১০ হাজার টাকা তুলে দিয়েছিলেন। বাকি টাকা দিয়ে মেয়ের জন্য মোবাইল কিনে জন্মদিনের উপহার দেবেন বলে ঠিক করেছিলেন। সোমবার দিনের আলো ফুটতেই সব স্বপ্ন ভেঙ্গে চুরমার হয়ে যায়। সকাল হতেই হোটেলের কর্মীরা লক্ষ্য করেন দীনেশ দুবে রাস্তার ধারে পড়ে রয়েছেন। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে পানাগড় ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে হাসপাতালের চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। কাঁকসা থানার পুলিশ হাসপাতালে পৌঁছে দেহ উদ্ধার করে দুর্গাপুর মহকুমা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। হোটেলের মালিক গগন দীপ সিং জানিয়েছেন, 'প্রতিদিনের মতো রবিবার রাতেও তিনি ডিইটি করছিলেন। রাত প্রায় তিনটে থেকে সাড়ে তিনটের পর তাঁকে দেখা যাচ্ছিল না। সবাই ভেবেছিল সে হয়তো রাস্তায় ডিউটি করছে। পরে দিনের আলো ফুটতেই তাকে রাস্তার একটা ধারে পড়ে থাকতে দেখা যায়। অনুমান করা হচ্ছে রাস্তার ধারে যে লরি দাঁড়ায়, পিছনে টার্ন নেওয়ার সময় তাঁকে ধাক্কা মেরে চলে যায়।'

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোঃ ৯৮৩১৯১৯৭৯১

নোটিস

এতদ্বারা জানানো যাইতেছে যে, সেন্টুর এরোমেটিকস প্রাইভেট লিমিটেড, ওম ইনডস্ট্রিয়াল কমপ্লেক্স, জেএল নং-১২, দাগ নং-৩৮২০, ৩৮২১, গ্রাম ও পোস্ট অফিস-দেউলপুর, থানা-পাঁচলা, জেলা-হাওড়া, পশ্চিমবঙ্গে প্রস্তাবিত প্রতি বছর ৫০ টন অ্যামব্রিটোলাইড (সিন্থেটিক ম্যাক্রোসাইক্লিক মাস্ক কমপাউন্ড) উৎপাদনের জন্য ভারত সরকারের বন ও পরিবেশ দপ্তরের পরিবেশগত ছাড়পত্র পাইয়াছে EC25B0202WB5403396N and File No. EN/T-II-I/135/2024, dated. 12/08/2024। ছাড়পত্রের কপি ভারত সরকারের বন ও পরিবেশ দপ্তরের ওয়েবসাইটে এ পাওয়া যাবে।

"ফর্ম নং আইএনসি-২৬"
[২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে]
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত সংবাদপত্রে প্রজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার,
ইস্টার্ন রিজিওন সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারার (৪) উপধারা এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) সম্পর্কিত
এবং
শম্ভুনাথ কমোডিটিজ প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস ৬৯, বড়তলা স্ট্রিট, ৫ম তল, কলকাতা - ৭০০০০৭, পশ্চিমবঙ্গ সমীপে
....দরখাস্তকারী

এতদ্বারা সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হচ্ছে, ০৯.০৫.২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "তামিলনাড়ু রাজ্যে" কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তর নিমিত্ত ২০১৩ সালের কোম্পানি আইন ১৩ ধারা অধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করেছে।

যেকোনও ব্যক্তির সংশ্লিষ্ট কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের কারণে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **বিনিয়োগকারীগণের অভিযোগের ফর্ম পূরণ সাপেক্ষে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)** বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং হলফনামা দ্বারা সমর্থিত মতে আপত্তির কারণ সম্বলিত নোটিশ এই বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং III এফ/১৬, AA-IIIF, রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫ ঠিকানায় নোটিশ পাঠাতে পারেন, একটি কপি অবেদনকারী কোম্পানির নিম্নে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
৬৯, বড়তলা স্ট্রিট, ৫ম তল,
কলকাতা - ৭০০০০৭, পশ্চিমবঙ্গ

আবেদনকারীর পক্ষে
শম্ভুনাথ কমোডিটিজ প্রাইভেট লিমিটেড
স্বা/-
অর্জুন কুমার
ডিরেক্টর
তারিখ : ২৮.০৭.২০২৫
স্থান : কলকাতা
ডিন নং - ০৬৭৭২২৪৯

"ফর্ম নং আইএনসি-২৬"
[২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে]
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত সংবাদপত্রে প্রজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার,
ইস্টার্ন রিজিওন সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারার (৪) উপধারা এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) সম্পর্কিত
এবং
ওয়ান স্টপ কমোডিল প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস ৬৯, বড়তলা স্ট্রিট, ৫ম তল, কলকাতা - ৭০০০০৭, পশ্চিমবঙ্গ সমীপে
....দরখাস্তকারী

এতদ্বারা সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হচ্ছে, ০৯.০৫.২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "তামিলনাড়ু রাজ্যে" কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তর নিমিত্ত ২০১৩ সালের কোম্পানি আইন ১৩ ধারা অধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করেছে।

যেকোনও ব্যক্তির সংশ্লিষ্ট কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের কারণে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **বিনিয়োগকারীগণের অভিযোগের ফর্ম পূরণ সাপেক্ষে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)** বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং হলফনামা দ্বারা সমর্থিত মতে আপত্তির কারণ সম্বলিত নোটিশ এই বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং III এফ/১৬, AA-IIIF, রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫ ঠিকানায় নোটিশ পাঠাতে পারেন, একটি কপি অবেদনকারী কোম্পানির নিম্নে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
৬৯, বড়তলা স্ট্রিট, ৫ম তল,
কলকাতা - ৭০০০০৭, পশ্চিমবঙ্গ

আবেদনকারীর পক্ষে
ওয়ান স্টপ কমোডিল প্রাইভেট লিমিটেড
স্বা/-
অর্জুন কুমার
ডিরেক্টর
তারিখ : ২৮.০৭.২০২৫
স্থান : কলকাতা
ডিন নং - ০৬৭৭২২৪৯

SBI
এসবিআই আরএসিপিসি-কাম-এসএআরসি হাওড়া (১০২৬৩)
২৩৯এ, পঞ্চাননতলা রোড, হাওড়া - ৭১১১০১
ই-মেল আইডি - sbi.10263@sbi.co.in

ই-নিলাম বিক্রয় নোটিশ

অনুমোদিত অফিসারের বিস্তারিত - নাম - শ্রী বিশ্বজিৎ বিশ্বাস ই-মেল আইডি -sbi.10263@sbi.co.in মোবাইল - ৯৮১০৯৭২১১১

স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৯(১) তৎসহ পঠিত রুল ৮(৬) অধীনে স্থাবর সম্পত্তির ক্ষেত্রে। এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত নিম্নোক্ত বিস্তারিত মতে স্থাবর সম্পত্তি জামিন অধীনে ঋণদাতা **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার** অনুমোদিত অফিসার কর্তৃক **স্বত্ব দখলীকৃত** (সংশ্লিষ্ট সম্পত্তি বিস্তারিততে বিস্তারিত বর্ণিত) এবং **'যেখানে যা আছে', 'যেখানে যেমন আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে'** ভিত্তিতে বকেয়া আদায়ের জন্য বিক্রয় করা হবে নিম্নোক্ত তারিখ মোতাবেক।

ই-নিলামের তারিখ এবং সময় - ১৮.০৮.২০২৫ সময় - ৩০০ মিনিট সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত প্রতিটি অসীমামিয়ত ১০ মিনিটের সম্প্রসারণ সহ

ক্রম নং	ঋণগ্রহীতার নাম	স্বত্ব দলিল দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিস্তারিত	বকেয়া পরিমাণ	সংরক্ষিত মূল্য / ইএমডি ১০ শতাংশে / ডাক বর্ধিত পরিমাণ
১	**শ্রী সঞ্জয় খানরা,** ফ্ল্যাট নং ৪০২, ৫মতল, হাওড়া কর্পোরেশন হোল্ডিং নং ১২৪, নস্কর পাড়া লেন, পো: ঘুষুড়ি, থানা : মালিপাঁচঘড়া, ওয়ার্ড নং ৩, জেলা : হাওড়া, পিন : ৭১১১০৭।	সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ বসবাসের ফ্ল্যাট নং ৪০২, পরিমাণ কমবেশি ৫৪০ **বর্গফুট,** ২০ শতাংশ সুপার বিল্ট আপ এরিয়া সহ পাঁচতলায় (পশ্চিম দিকে) , ২ বেড রুম, ১ কিচেন, ১ লিভিং এবং ডাইনিং, ১ টয়লেট, উক্ত সম্পত্তি অবস্থিত হাওড়া পৌর নিগম হোল্ডিং নং ১২৪, নস্কর পাড়া লেন, পো : ঘুষুড়ি, থানা : মালিপাঁচঘড়া, ওয়ার্ড নং ৩, জেলা : হাওড়া, পিন : ৭১১১০৭, এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ	১৭,৫৮,১১০.২৪ টাকা (সতের লাখ আটান্ন হাজার একশ দশ টাকা এবং চব্বিশ পয়সা) ০২.০৭.২০২৫ অনুযায়ী পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি সহ	৮,০৭,০০০ টাকা ৮০,৭০০ টাকা ১০,০০০ টাকা

এবং সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সহ। **ফ্ল্যাটের চৌহদ্দি : উত্তরে :** ফ্ল্যাট নং ৪০১। **দক্ষিণে :** ফ্ল্যাট নং ৪০৩। **পূর্বে :** সিঁড়ি চাতাল এবং ফ্ল্যাট নং ৪০৩। **পশ্চিমে :** খোলা জায়গা।

সম্পত্তি শ্রী সঞ্জয় খানরা এর নামে, উল্লেখ্য দলিল নং ০৫০১০৬০৪৩-২০১৭ সালের, নথিভুক্ত বুক নং ১, ভল্যুম নং ০৫০১-২০১৭, পৃষ্ঠা ১৬৪৭৩৭ থেকে ১৬৪৭৭২, অফিস ডি এস আর হাওড়া, পশ্চিমবঙ্গ।

পর্যবেক্ষণের তারিখ - ১৪.০৮.২০২৫ | দখলের ধরন - স্বত্ব দখলীকৃত

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট **www.sbi.co.in** এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন **https://BAANKNET.com**
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ **PSB Alliance Pvt. Ltd.** সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে **NEFT/RTGS** স্থানান্তর করে। কোনও জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে **support.baanknet@psballiance.com** যোগাযোগ করুন
● ই-নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের পূর্বে আগ্রহী ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে উক্ত ওয়েবসাইটে সংযুক্ত নিয়ম এবং শর্তাদি অনুধাবন করতে

তারিখ : ২৯.০৭.২০২৫, স্থান : হাওড়া | অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্কে অফ ইন্ডিয়া

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

নবদ্বীপ পোড়ামাতলা শাখা
নদীয়া প্লাজা, পোড়ামাতলা রোড, দোপালী মোড়
নবদ্বীপ, নদীয়া, পশ্চিমবঙ্গ
পিন - ৭৪১ ৩০২

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট - ৪ - এ [রুল ৮(৬) -তে বন্দোবস্ত দেখুন]

২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ৮(৬) -এর অনুবিধির সঙ্গে পঠিত ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকন্সট্রাকশন অফ ফিনান্সিয়াল এ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি অ্যাক্ট অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা (গণ) এবং জামিনদার(গণ)কে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে নিচে বর্ণিত বন্ধকীকৃত/ চার্জকৃত স্থাবর সম্পত্তি যার **প্রতীকী দখল** নিয়েছেন **ইন্ডিয়ান ব্যাঙ্ক, নবদ্বীপ পোড়ামাতলা শাখা (সুরক্ষিত ঋণদাতা)** -এর অনুমোদিত আধিকারিক, যা বিক্রি হবে **"যেখানে যেমন আছে", "সেখানে যা আছে", এবং "সেখানে যা কিছু আছে ভিত্তিতে"**, আগামী ৩০.০৮.২০২৫ তারিখে **১,৫৬,৬৪,৪৪৩.০০ টাকা** (এক কোটি ছাপ্পান্ন লক্ষ চৌষট্টি হাজার চারশত তেতাল্লিশ টাকা মাত্র) ২৫.০৭.২০২৫ তারিখ অনুযায়ী বকেয়া তদুপরি সুদ/ চার্জ এবং খরচ সহ বকেয়া অর্থ পুনরুদ্ধারের জন্য, যা **ইন্ডিয়ান ব্যাঙ্ক নবদ্বীপ পোড়ামাতলা শাখা (সুরক্ষিত ঋণদাতা)** এর পাওনা আছে **ঋণগ্রহীতা: মেসার্স পোড়ামা টেক্সটাইল, স্বত্বাধিকারী: শ্রী সুরেশ দেবনাথ,** পিতা-মৃত মনোরঞ্জন দেবনাথ, ৬৭, বড়গাছি, পোস্ট- ময়লে, জেলা-বর্ধমান, পঃবঃ, পিন - ৭৪১৩০২ -এর থেকে।

ই-অকশন মোডের মাধ্যমে বিক্রয়ে আনার উদ্দেশ্যে করা সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে বর্ণনা করা হয়েছে:

ক্র নং	ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার বকেয়া পরিমান	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির উপর দায়বদ্ধতা চ) দখলের ধরণ
১.	ক) ১. **ঋণগ্রহীতা: মেসার্স পোড়ামা টেক্সটাইল, স্বত্বাধিকারী: শ্রী সুরেশ দেবনাথ,** পিতা- মৃত মনোরঞ্জন দেবনাথ, ৬৭, বড়গাছি, পোঃঅঃ - ময়লে, জেলা-বর্ধমান, পঃবঃ, পিন- ৭৪১৩০২ ২. **স্বত্বাধিকারী তথা জামিনদার তথা বন্ধকদাতা : শ্রী সুরেশ দেবনাথ,** পিতা- মৃত মনোরঞ্জন দেবনাথ, নবদ্বীপ উড বার্ন রোড, পোঃঅঃ এবং থানা - নবদ্বীপ, জেলা- নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১৩০২ ৩. জামিনদার তথা বন্ধকদাতা: **শ্রীমতী কবিতা দেবনাথ,** স্বামী- শ্রী সুরেশ দেবনাথ নবদ্বীপ উড বার্ন রোড, পোঃঅঃ এবং থানা - নবদ্বীপ, জেলা- নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১৩০২ খ) **নবদ্বীপ পোড়ামাতলা শাখা**	**সম্পত্তি ১ : (ক)** মৌজা- বড়গাছি, জেএল নং ৬৭, এলআর-খতিয়ান নং ৬০২, এল.আর. কলেখাতলা ২ গ্রাম পঞ্চায়েতের পরিধির মধ্যে দাগ নং ৫০৩, থানা.- পূর্বস্থলী, জেলা- পূর্ব বর্ধমান এ অবস্থিত ১৬ ডেসিমেল কমবেশি পরিমাপের কাঠামো সহ জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। বিক্রয় দলিল নং ২০৪০/২০১০ তারিখ ২২.০৩.২০১০, বুক নং আই, সিডি ভলিউম নং ৭, পৃষ্ঠা ১৬৪২ থেকে ১৬৫০ পর্যন্ত এডিএসআর পূর্বস্থলীতে **সুরেশ চন্দ্র দেবনাথ -এর নামে** নিবন্ধিত। (খ) কমবেশি ১৬ ডেসিমেল পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল মৌজা- বড়গাছি -তে , জেএল নং ৬৭, এলআর- খতিয়ান নং ৬৫৩, এল.আর. দাগ নং ৫০৩, কালেখ তালা ২ গ্রাম পঞ্চায়েতের পরিধির মধ্যে থানা-পূর্বস্থলী, জেলা- পূর্ব বর্ধমান বিক্রয় দলিল নং ২০৩৪/২০১০ তারিখ ২২.০৩.২০১০, বই নং আই, সিডি ভলিউম নং. ৭, পৃষ্ঠা ১৫৩৬ থেকে ১৫৪৪ পর্যন্ত এডিএসআর পূর্বস্থলীতে **কবিতা দেবনাথের নামে নিবন্ধিত। সম্পত্তিগুলি চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তর- রমনা দেবনাথের জমি দ্বারা, দক্ষিণে- কালিপদ বিশ্বাস এবং সুজিত বিশ্বাসের জমি দ্বারা পূর্ব- নেপাল রাজোয়ার জমি দ্বারা, পশ্চিম- রাস্তা দ্বারা। **সম্পত্তি ২ : (ক)** কমবেশি ২২ ডেসিমেল পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল মৌজা-ভান্ডারটিকুড়ি -তে, জেএল নং ৮৭, তৌজি নং- ২৫, এলআর. খতিয়ান নং ২৪২, এল.আর.দাগ নং ২১০ জাহাননগর গ্রাম পঞ্চায়েতের সীমার মধ্যে, থানা-পূর্বস্থলী, জেলা- পূর্ব বর্ধমান, বিক্রয় দলিল নং ৬৩৯৮/২০১৭ তারিখ ১৩.১২.২০১৭ **সুরেশ চন্দ্র দেবনাথের নামে** এডিএসআর পূর্বস্থলীতে নিবন্ধিত হয়েছে। (খ) কমবেশি ২১ ডেসিমেল পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল মৌজা-ভান্ডারটিকুড়ি তে, জেএল নং ৮৭, তৌজি নং ২৫ এল.আর. খতিয়ান নং ২২৭,৭৮, এলআর.দাগ নং ২১০, জাহাননগর গ্রাম পঞ্চায়েতের সীমার মধ্যে, থানা-পূর্বস্থলী, জেলা- পূর্ব বর্ধমান ১৩.১২.২০১৭ তারিখে বিক্রয় দলিল নং ৬৩৯১/২০১৭ **সুরেশ চন্দ্র দেবনাথ -এর নামে** এডিএসআর পূর্বস্থলীতে নিবন্ধিত। **সম্পত্তিগুলি চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তর- নরেশ চন্দ্র দেবনাথ -এর জমি, দক্ষিণ- সুরেশের চন্দ্র দেবনাথ এর জমি, পূর্ব- সুরেশ চন্দ্র দেবনাথ এর জমি, পশ্চিম- সুরেশ চন্দ্র দেবনাথ এর জমি দ্বারা।	১,৫৬,৬৪,৪৪৩.০০ টাকা (এক কোটি ছাপ্পান্ন লক্ষ চৌষট্টি হাজার চারশত তেতাল্লিশ টাকা মাত্র) ২৫.০৭.২০২৫ তারিখ অনুযায়ী বকেয়া তদুপরি সুদ/ চার্জ এবং খরচ সহ	**সম্পত্তি ১ :** ক) ৩০,৯২,৪০০.০০ টাকা (*) (ত্রিশ লক্ষ বিরানব্বই হাজার চারশত টাকা মাত্র) খ) ৩,০৯,২৪০.০০ টাকা (তিন লক্ষ নয় হাজার দুইশত চল্লিশ টাকা মাত্র) গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB30024627351 ঙ) ব্যাংকের জানা নেই চ) প্রতীকী দখল **সম্পত্তি ২ :** ক) ১৮,৫৭,৬০০.০০ টাকা (*) (আঠারো লক্ষ সাতান্ন হাজার ছয়শত টাকা মাত্র) খ) ১,৮৫,৭৬০.০০ টাকা (এক লক্ষ পঁচাশি হাজার সাতশত ষাট টাকা মাত্র) গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB30024627351A ঙ) ব্যাংকের জানা নেই চ) প্রতীকী দখল

(*) সংরক্ষিত মূল্যের উপরে বিক্রয় মূল্য হতে হবে।

ই-অকশনের তারিখ ও সময়: তারিখ : ৩০.০৮.২০২৫; সময় : সকাল ১১.০০টা থেকে বিকাল ০৫.০০টা
ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম : https://baanknet.com

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-অকশন পরিষেবা প্রদানকারী **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** -এর পোর্টাল ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ -এর হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ইমেইল আইডি- support.BAANKNET@psballiance.com** এবং পরিষেবা প্রদানকারীদের হেল্প ডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরে যোগাযোগ করুন। **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** এর সঙ্গে রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে - **support.BAANKNET@psballiance.com** -এ যোগাযোগ করুন।
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ছবি এবং অকশনের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন: **https://baanknet.com** এবং এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন, **হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০।**
দরদাতাদের https://baanknet.com ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য : সংশ্লিষ্ট এই নোটিশ ঋণগ্রহীতা(গণ)/বন্ধকদাতা(গণ)/জামিনদার(গণ) -এর উদ্দেশ্যেও

তারিখ: ২৮.০৭.২০২৫
স্থান: নবদ্বীপ পিএমটি

অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক